গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
প্রকল্প বাস্তবায়ন ইউনিট
ন্যাশনাল এগ্রিকালচারাল টেকনোলজি প্রোগ্রাম
ফেজ II প্রজেক্ট (এনএটিপি-২)
মৎস্য অধিদপ্তর, মৎস্য ভবন, ঢাকা।

পত্র নং- ৩৩.০২.০০০০.৯২০.৩৬.৬৭৯.১৯-৫৪০ তারিখ: ২৫.০৫.২০২০ খ্রি.

**বিষয়ঃ ন্যাশনাল এগ্রিকালচারাল টেকনোলজি প্রোগ্রাম- ফেজ II প্রজেক্ট (এনএটিপি-২), মৎস্য অধিদপ্তর অংগ, মৎস্য ভবন, রমনা, ঢাকা এর আওতায় এগ্রিকালচারাল ইনোভেশন ফান্ড-৩ (এআইএফ-৩) অনুদান বিতরণের নিমিত্ত উপ-প্রকল্প প্রস্তাব প্রেরণ প্রসঙ্গে।**

সূত্র: প্রকল্প বাস্তবায়ন ইউনিট, এনএটিপি-২, মৎস্য অধিদপ্তর অংগের পত্র নং- ৩৩.০২.০০০০.৯২০.৩৬.৬৭৯.১৯.৫৩৯ তারিখ: ২৫.০৫.২০২০ খ্রি.

উপর্যুক্ত বিষয় ও সূত্রের আলোকে জানানো যাচ্ছে যে, ন্যাশনাল এগ্রিকালচারাল টেকনোলজি প্রোগ্রাম- ফেজ II প্রজেক্ট (এনএটিপি-২), মৎস্য অধিদপ্তর অংগের আওতায় মাঠ পর্যায়ে যোগ্যতম উদ্যোক্তা সিআইজি, লিফ ও কৃষি ব্যবসায়ী উদ্যোক্তাদের মাঝে এআইএফ-৩ অনুদান বিতরণের নিমিত্ত ইতোমধ্যে বিজ্ঞপ্তি প্রকাশ করা হয়েছে এবং উপ-প্রকল্প প্রস্তাব ছকপত্র প্রেরণ করা হয়েছে।

প্রকাশিত বিজ্ঞপ্তির প্রেক্ষিতে এআইএফ-৩ ম্যাচিং গ্রান্ট বিতরণ উপ-প্রকল্প বাস্তবায়নের বিষয়ে বহুল প্রচারণাসহ প্রয়োজনীয় কাযকর ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো এবং উপ-প্রকল্প প্রস্তাবসমূহ বাস্তবায়ন নির্দেশিকার আলোকে প্রয়োজনীয় সকল কাগজ-পত্রসহ (**হালনাগাদ ব্যাংক স্টেটমেন্ট, ট্রেড লাইসেন্স, অভিজ্ঞতা সনদসহ**) আগামী ১০.০৬.২০২০ খ্রি. এর মধ্যে নিম্নস্বাক্ষরকারীর কার্যালয়ে নিম্নস্বাক্ষরকারীর কার্যালয়ে হার্ডকপি এবং সফট কপি (ই-মেইলঃ adaifnatp2@gmail.com) আবশ্যিকভাবে প্রেরণ নিশ্চিত করার জন্য অনুরোধ করা হলো।

**বিষয়টি অতীব জরুরী।**

২৫/০৫/২০২০

(এস. এম. মনিরুজ্জামান)
পরিচালক
প্রকল্প বাস্তবায়ন ইউনিট
ফোন: ০২ ৪৭১২০১৮৩

সিনিয়র উপজেলা/উপজেলা মৎস্য কর্মকর্তা

...............................

পত্র নং- ৩৩.০২.০০০০.৯২০.৩৬.৬৭৯.১৯- ৫৪০ তারিখ: ২৫.০৫.২০২০ খ্রি.

সদয় অবগতি ও পরবর্তী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলো:

১। মহাপরিচালক, মৎস্য অধিদপ্তর বাংলাদেশ, মৎস্য ভবন, রমনা, ঢাকা।
২। প্রকল্প পরিচালক, ন্যাশনাল এগ্রিকালচারাল টেকনোলজি প্রোগ্রাম- ফেজ II প্রজেক্ট (এনএটিপি-২), বিএআরসি কমপ্লেক্স, ফার্মগেট, ঢাকা।
৩। উপপরিচালক (প্রশাসন), মৎস্য অধিদপ্তর, মৎস্য ভবন, ঢাকা।
৪। উপপরিচালক, মৎস্য অধিদপ্তর, .................... বিভাগ,......................।
৫। জেলা মৎস্য কর্মকর্তা,........................।
৬। সহকারী পরিচালক, আইসিটি শাখা, মৎস্য অধিদপ্তর, মৎস্য ভবন, ঢাকা (পত্রটি মৎস্য অধিদপ্তরের ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।
৭। অফিস নথি।

২৫/০৫/২০২০

পরিচালক
প্রকল্প বাস্তবায়ন ইউনিট

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
প্রকল্প বাস্তবায়ন ইউনিট
ন্যাশনাল এগ্রিকালচারাল টেকনোলজি প্রোগ্রাম
ফেজ II প্রজেক্ট (এনএটিপি-২)
মৎস্য অধিদপ্তর, মৎস্য ভবন, রমনা, ঢাকা-১০০০

পত্র নং- ৩৩.০২.০০০০.৯২০.৩৬.৬৭৯.১৯- ৫৩৯

তারিখ: ২৫.০৫.২০২০ খ্রিঃ

**পুনঃবিজ্ঞপ্তি-৫**

বিষয়ঃ প্রকল্প বাস্তবায়ন ইউনিট (পিআইইউ), ন্যাশনাল এগ্রিকালচারাল টেকনোলজি প্রোগ্রাম- ফেজ II প্রজেক্ট (এনএটিপি-২), মৎস্য অধিদপ্তর অংগ এর আওতায় ২০১৯-২০ অর্থবছরে যোগ্যতাসম্পন্ন সিআইজি, পিও এবং ব্যবসায়িক উদ্যেক্তাদের এগ্রিকালচারাল ইনোভেশন ফান্ড-৩ (এআইএফ-৩) ম্যাচিং গ্রান্ট বিতরণের লক্ষ্যে উপ-প্রকল্প প্রস্তাব আহবান।

| | | |
|---|---|---|
| ১. | মন্ত্রণালয়/অধিদপ্তর | মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়/মৎস্য অধিদপ্তর (ডিওএফ) |
| ২. | প্রকল্প | ন্যাশনাল এগ্রিকালচারাল টেকনোলজি প্রোগ্রাম- ফেজ II প্রজেক্ট (এনএটিপি-২), মৎস্য অধিদপ্তর অংগ |
| ৩. | উপ-প্রকল্প | এআইএফ-৩ ম্যাচিং গ্রান্ট বিতরণ উপ-প্রকল্প |
| ৪. | উপ-প্রকল্প বাস্তবায়ন সংশ্লিষ্ট প্রতিষ্ঠান | প্রকল্প বাস্তবায়ন ইউনিট, ন্যাশনাল এগ্রিকালচারাল টেকনোলজি প্রোগ্রাম- ফেজ II প্রজেক্ট (এনএটিপি-২), মৎস্য অধিদপ্তর, মৎস্য ভবন, ঢাকা-১০০০। |
| ৫. | প্রকল্প/উপ-প্রকল্প পরিচিতি | আধুনিক প্রযুক্তি গ্রহণের বিষয়টি ত্বরান্বিত করার লক্ষ্যে এনএটিপি-২ প্রকল্প গবেষক, সিআইজি, পিও এবং ব্যবসায়িক উদ্যোক্তাদের সহায়তা প্রদানের লক্ষ্যে এগ্রিকালচারালে ইনোভেশন ফান্ড এর প্রবর্তন করেছে। এই ফান্ডের তিনটি অংশের তৃতীয়টি অর্থাৎ এআইএফ-৩ উৎপাদিত পণ্য উন্নত উপায়ে বাজারজাত করে চাষিদের বাড়তি মুনাফা অর্জনে সহায়তা প্রদানের জন্য গ্রামীণ ব্যবসায়ী উদ্যোক্তাদের প্রয়োজনে ব্যবহৃত হবে। এআইএফ-৩ ফান্ড সরবরাহ শিকলে (Supply Chain) বিশেষ ভূমিকা পালনকারী অর্থাৎ ব্যবসায়ী উদ্যোক্তাদের অধিক কার্যক্ষম করার জন্য তাদের সম্পদ বৃদ্ধিতে আংশিক আর্থিক সহায়তা প্রদান করবে। এই সহায়তা চাষি, ব্যবসায়ী উদ্যোক্তা এবং সরবরাহ শিকলের সাথে জড়িত অন্যান্যদের মাঝে অংশীদারিত্ব ও ব্যবসায়ীক যোগাযোগ সৃষ্টিতে দৃঢ় ভূমিকা রাখবে। |
| ৬. | এআইএফ-৩ ম্যাচিং গ্রান্ট বা অনুদানের প্রাপ্তির যোগ্যতা | • সিআইজি ও পিওদের ব্যবসায়িক উদ্যোগ, প্রতিষ্ঠিত ব্যক্তি মালিকানাধীন ব্যবসায়িক প্রতিষ্ঠান, সেবা প্রদানকারী (যেমন- লিফ) আবেদন করতে পারবেন।<br>• ব্যবসায়িক প্রতিষ্ঠানের নিবন্ধন বা ট্রেড লাইসেন্স থাকতে হবে।<br>• ব্যবসায়ে ভালো অভিজ্ঞতা থাকতে হবে (সাধারণ ব্যবসায়িক উদ্যোক্তাদের কমপক্ষে ৩ বৎসরের অভিজ্ঞতা, সিআইজি ও পিও প্রতিষ্ঠানের কমপক্ষে ২ বৎসর, লিফদের প্রশিক্ষণ এবং কমপক্ষে ২ বৎসরের সেবা প্রদানের অভিজ্ঞতা)<br>• সকলেরই নির্দিষ্ট ব্যবসায়িক কার্যালয়/স্থান থাকতে হবে।<br>• লিফ ছাড়া অবশিষ্ট সকলের বার্ষিক বাজারজাতকৃত দ্রব্যাদির পরিমাণ এবং টাকায় লেনদেনের পরিমাণের (Turn Over) উল্লেখ থাকতে হবে। লিফ-উদ্যোক্তারা বছরে কত প্রকারের সেবা দেন, তার সংখ্যা এবং বার্ষিক লেনদেনের পরিমাণ (Turn Over) টাকায় জানাবেন। |
| ৭. | ম্যাচিং গ্রান্ট/অনুদানের পরিমান | মোট উপ-প্রকল্প মূলধনী ব্যয়ের ৫০%, সর্বোচ্চ ৫ লক্ষ ৮১ হাজার টাকা। |
| ৮. | প্রযোজ্য শর্তাবলি/ নীতিমালা | ১) এই ফান্ড নিবন্ধিত, সুপ্রতিষ্ঠিত গ্রামীণ ব্যবসায়ী, সিআইজি, লিফ, এদের ব্যবসায়ীক কর্মকান্ড যা সিআইজি চাষি/সাধারণ চাষিদের উপকারে আসবে সেসকল ক্ষেত্রে আর্থিক প্রণোদনা দেবে;<br>২) এটি কেবল প্রকল্প এলাকার জন্য ব্যবহারযোগ্য;<br>৩) ম্যাচিং গ্রান্টের জন্য নির্দিষ্ট ছকে আবেদন করতে হবে। নারী উদ্যোক্তাদের বিশেষভাবে উৎসাহিত করা হবে;<br>৪) সংযুক্ত ছকপত্রের মাধ্যমে আবেদনকৃত প্রত্যেক উদ্যোক্তার কেবল একটি প্রস্তাবনা বিবেচনা করা হবে;<br>৫) প্রতিটি প্রস্তাবে সর্বোচ্চ গ্রান্টের পরিমান হবে ৫.৮১ লক্ষ টাকা। এর সাথে যুক্ত হবে উদ্যোক্তার নিকট হতে সম পরিমাণ অর্থ (৫০%)। কোন উদ্যোক্তা যদি ৫.৮১ লক্ষ টাকার বেশী প্রদান করতে ইচ্ছুক হন তবুও প্রকল্পের অনুদানের সর্বোচ্চ পরিমাণ ৫.৮১ লক্ষ টাকাই থাকবে;<br>৬) প্রতিযোগিতার ভিত্তিতে কেবল উন্নত মানের সীমিত সংখ্যক প্রস্তাবে এই আর্থিক সহযোগিতা দেয়া হবে;<br>৭) প্রতিযোগিতায় উত্তীর্ণ প্রস্তাবকারীকে কাজ শুরু করার পূর্বে উপজেলা মৎস্য কার্যালয়ের সাথে একটি চুক্তি সম্পন্ন করতে হবে।<br>৮) পরিচালন, রক্ষণাবেক্ষণ এবং অন্যান্য পৌন:পুনিক ব্যয়ে, (যেমন সার ও পোনা ক্রয়, শ্রম, পরিবহণ, ভ্রমণ, ইত্যাদি ব্যয়) এআইএফ-৩ ফান্ড ব্যবহার করা যাবে না;<br>৯) প্রস্তাবের ধরনের ওপর নির্ভর করে বিভিন্ন পর্যায়ে ফান্ডের অর্থ প্রদান করা হবে। উপজেলা কার্যালয় কর্তৃক কিস্তি প্রদান নির্ভর করবে পূর্ববর্তী কিস্তির অর্থ যথাযথভাবে ব্যবহৃত হয়েছে কিনা তা যাচাই করার পর; এবং<br>১০) পরিবেশগত বা সামাজিক মূল্যায়নে যেসব প্রস্তাব ব্যর্থ হবে সেসব প্রস্তাব ফান্ড প্রাপ্তির অযোগ্য বিবেচিত হবে।<br>*বিস্তারিত তথ্যের জন্য "এআইএফ-৩ পরিচালন বিধিমালা" দ্রষ্টব্য। |
| ৯. | উপ-প্রকল্প প্রণয়ন ও বাস্তবায়নে সহায়তা | স্থানীয় মৎস্য সম্প্রসারণ এজেন্ট (লিফ) সহ উপজেলা মৎস্য দপ্তরের কর্মকর্তা/কর্মচারিবৃন্দ। |
| ১০. | পরিবীক্ষণ ও মূল্যায়ন | প্রকল্প সংশ্লিষ্ট কর্মকর্তাবৃন্দ, স্বতন্ত্র ফার্ম ও কমিশন কর্তৃক কার্যাদি পরিবীক্ষণ ও মূল্যায়ন করা হবে। |
| ১১. | উপ-প্রকল্প প্রণয়ন ছক, নীতিমালা ও সংশ্লিষ্ট ডকুমেন্ট প্রাপ্তিস্থান | সংশ্লিষ্ট লিফ এর নিকট হতে সংগ্রহ করা যাবে, তাছাড়া স্থানীয় উপজেলা মৎস্য অফিস/ফিয়াক থেকেও সংগ্রহ করা যেতে পারে। |
| ১২. | উপ-প্রকল্প প্রস্তাব দাখিলের সময়সীমা ও স্থান | সর্বশেষ ০৮ জুন ২০২০ খ্রি:, স্থানীয় উপজেলা মৎস্য দপ্তর। |
| ১৩. | নির্দেশনা | সংশ্লিষ্ট বিষয়ে কোন তথ্যের জন্য স্থানীয় উপজেলা মৎস্য দপ্তরে যোগাযোগ করা যেতে পারে। |

*উল্লেখ্য, এআইএফ-৩ অনুদান প্রাপ্তির জন্য যে সকল উদ্যোক্তাগণ পূর্বে আবেদন করেছিল বিজ্ঞপ্তি প্রকাশের পর সেসকল উদ্যোক্তগণকে পূনরায় নতুন করে আবেদন করতে হবে।

২৫/০৫/২০২০

(এস. এম. মনিরুজ্জামান)
পরিচালক
প্রকল্প বাস্তবায়ন ইউনিট

পত্র নং- ৩৩.০২.০০০০.৯২০.৩৬.৬৭৯.১৯-৫৩৯

তারিখ: ২৫.০৫.২০২০ খ্রিঃ

কার্যার্থে:

১। সিনিয়র উপজেলা/উপজেলা মৎস্য কর্মকর্তা, ......................................................................................................।
("এআইএফ-৩ ম্যাচিং গ্রান্ট বিতরণ- উপ-প্রকল্প" প্রস্তুত ও বাস্তবায়নে উদ্যোক্তা লিফ ও সিআইজি এবং কৃষি ব্যবসায়ি উদ্যোক্তাদের উদ্যোগী ভূমিকা পালনের নিমিত্ত বহুল প্রচারসহ সংশ্লিষ্ট বিষয়ে কার্যকর ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ জানানো হলো)।

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের নিমিত্ত:

১। সচিব, মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

২। মহাপরিচালক, মৎস্য অধিদপ্তর বাংলাদেশ, মৎস্য ভবন, রমনা, ঢাকা।

৩। প্রকল্প পরিচালক, পিএমইউ, এনএটিপি-২, বিএআরসি কমপ্লেক্স, ফার্মগেট, ঢাকা।

৪। উপপরিচালক (প্রশাসন), মৎস্য অধিদপ্তর, মৎস্য ভবন, ঢাকা।

৫। উপপরিচালক, মৎস্য অধিদপ্তর, ........................ বিভাগ, ......................।

৬। জেলা মৎস্য কর্মকর্তা, ........................................................।

৭। সহকারী পরিচালক, আইসিটি শাখা, মৎস্য অধিদপ্তর, মৎস্য ভবন, ঢাকা (বিজ্ঞপ্তিটি মৎস্য অধিদপ্তরের ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।

৮। অফিস নথি।

২৫/০৫/২০২০

পরিচালক
প্রকল্প বাস্তবায়ন ইউনিট